



IOM International Organization for Migration  
IOM Internationale Organisation für Migration

Januar 2013/Bengalisch/Bangla

**REAG/GARP Program 2013**  
**Reintegration and Emigration Program for Asylum-Seekers in Germany (REAG)**  
**Government Assisted Repatriation Program (GARP)**

**বেআগ/গার্প প্রোগ্রাম ২০১২**

জার্মানিতে রাজনৈতিক আশ্রয় প্রার্থীদের জন্য স্বদেশে/অন্যদেশে পূর্ববাসন ও  
অভিবাসনের সুযোগ/ব্যবস্থা  
সরকারি সহায়তায়/সাহায্যে স্বদেশে/অন্যদেশে প্রত্যাবর্তন/গমন ব্যবস্থা

**প্রোজেক্ট “দেশবেপী স্বইচ্ছায় নিজদেশে/অন্যদেশে প্রত্যাবর্তনকারীদের অর্থ সাহায্য”  
প্রচারপত্র**

**ক. সাধারণ নিয়মাবলি**

সরকারি সহায়তায় অর্থনৈতিক সাহায্য প্রদানে স্বদেশ প্রত্যাবর্তন একটি মানবিক ব্যবস্থাপনা ।  
এটা স্বইচ্ছায় নিজদেশে বা অন্যদেশে গমনের বা প্রত্যাবর্তনের সুযোগ করিয়া দেয় ও অর্থ যোগায়  
এবং সুক্ষ অভিবাসন ব্যবস্থা পরিচালনায় সহায়তা করিয়া থাকে ।

এই প্রোজেক্ট জার্মান সরকারের স্বরাষ্ট্রমন্ত্রণালয়ের ও বিভিন্ন প্রদেশের অনুরোধে/অধিনে IOM  
আইওএম-এর (আন্তর্জাতিক অভিবাসন সংস্থা) মাধ্যমে পরিচালিত । ইহা পরিচালিত হয় স্থানীয় সংস্থা  
ও শহর কর্তৃপক্ষের সহযোগিতায় এবং বিভিন্ন সাহায্যকারী সংস্থা, বিশেষ এনজিও (NGO) সমূহ ও  
ইউএনএইচসিআর (UNHCR) -এর তত্ত্বাবধানে ।

ইহা সুন্দরভাবে, সুপরিচালিত ও সুপরিচালিত উপায়ে স্বদেশ প্রত্যাবর্তনের বা বিদেশ গমনের ব্যবস্থা  
স্বম্পন্ন করিয়া থাকে । যে ব্যক্তির অর্থ সামর্থ্য নাই, আত্মীয় স্বজন ও কোথাও হইতে অর্থ সাহায্য  
পাইবার সুযোগ নাই শুধুমাত্র সেই ব্যক্তিই ইহার সুযোগ পাইতে পারে । যাত্রার পূর্বে যে কোন  
ধরনের খরচ, যেমন পাসপোর্ট ও ভিসা ফী, এন্ড্রাসীতে যাবার খরচ, বিমান বন্দরে যাবার ব্যয়  
ইত্যাদি স্থানীয় কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে (সোশ্যাল আমট, এনজিও) । অন্যকোন দেশে  
গমনের জন্যে অবশ্যই ভিসার প্রয়োজন এবং অপরিহার্য ও অনুমতি স্বাপেক্ষ ।

**খ. সাহায্যের ধরন**

নিম্নে বর্ণিত নির্ধারিত অর্থ সাহায্য পাওয়া যাইবে:

- যোগাযোগ ব্যবস্থা অনুযায়ী যাত্রার খরচ (বিমানের টিকেট) ।
- যাত্রার প্রয়োজনীয় খরচের জন্য প্রতি স্বাবালক বা ১২ বছরের উর্ধে নগদ ২০০ ইউরো (200,00 €),  
নাবালক বা শিশুরা যারা ১২ বছরের নিম্নে ১০০ ইউরো (100,00 €) ।
- দেশে পূর্ববাসনের সাহায্য প্রতি স্বাবালকের জন্য ৩০০ ইউরো (300,00 €) এবং ১২ বছরের নিম্নে  
প্রতি শিশুর জন্য ১৫০ ইউরো (150,00 €) নগদ ।

**IOM – Vertretung für Deutschland:**

Wallstraße 69 • D-10179 Berlin • Deutschland • Fax: +49.30.278 778 99

**IOM - Zweigstelle in Nürnberg:**

Postfach 40 01 59 • D-90206 Nürnberg • Frankenstraße 210 • D-90461 Nürnberg • Deutschland • Fax: +49.911.4300 260

**Telefonzentrale IOM Deutschland: +49.911.43000**

E-Mail: [IOM-Germany@iom.int](mailto:IOM-Germany@iom.int) • Internet: <http://www.iom.int/germany>



IOM International Organization for Migration  
IOM Internationale Organisation für Migration

### গ. আবেদনের নিয়মাবলি

দরখাস্ত বা আবেদনপত্র শুধুমাত্র শহর, মিউনিসিপ্যাল ও প্রাদেশিক কর্তৃপক্ষের মাধ্যমে (সোশ্যাল আমট, আউসল্যান্ডার আমট) অথবা মানবিক-সাহায্য সংস্থা, কেন্দ্রীয় উপদেশদানকারি সংস্থা, বিশেষ এনজিও (NGO)সমূহ ও ইউএনএইচসিআর (UNHCR)-এর মাধ্যমে করা যাইবে।

### ঘ. যোগ্য ব্যক্তি বা যাহারা এই সুযোগ পাইতে পারে

যাত্রার ব্যয় ও পূর্ববাসন সাহায্য নিম্নলিখিত মানুষেরা পাইবে

- যেসব ব্যক্তির সংবিধানের ধারা অনুযায়ী (§ 1 Asylbewerberleistungsgesetz) রাজনৈতিক আশ্রয়প্রার্থী হিসাবে সাহায্য পায় এবং এর উপর নির্ভরশীল।
- রাজনৈতিক আশ্রয়প্রাপ্ত ব্যক্তির।
- অন্যান্য ব্যক্তির, যাহারা জাতিয়তা, মানবিকতা ও রাজনৈতিক কারণে এদেশে থাকার অনুমতি পাইয়াছে।
- দালালের খপ্পরে পড়ে আসা ও জোরপূর্বক পতিতাবৃত্তিতে নিয়োজিত মানুষের।

সকল প্রত্যাবর্তনকারি ও অন্যদেশে গমনে ইচ্ছুক মানুষের কাছে বর্ডার ক্রসিং পত্র (Grenz-übertrittsbescheinigung) ও ট্রাভেল ডকুমেন্ট থাকিতে হইবে।

আবেদনকারীকে স্বইচ্ছায় জার্মান ত্যাগের কথা আবেদনপত্রে নিজস্বাক্ষরের মাধ্যমে জানাইতে হইবে। সকলের এই সুযোগ পাইবার অধিকার আইনগতভাবে প্রয়োগ করা যাইবে না।

### ঙ. অন্যদেশে গমন অনুমতি স্বাপেক্ষ বা প্রয়োজনীয়

যাহারা অন্যদেশে বসবাসের জন্য ইচ্ছা পোষন করেন, তাহারা যেন বিভিন্ন উপদেশদানকারি সংস্থার সহিত যোগাযোগ করেন। এই পরামর্শ ও উপদেশ পাইতে পারেন যেমন ডিয়াকনি বা রেডক্রসে (z.B. Raphaels-Werk, Diakonisches Werk, DRK) অথবা নিচের ঠিকানায় :-

**Bundesverwaltungsamt - Informationsstelle für Auswanderer und Auslandstätige, 50728 Köln**  
([www.bundesverwaltungsamt.de](http://www.bundesverwaltungsamt.de))

অন্যদেশের ভিসা পাইবার আগে আবেদনপত্র গ্রহন করা হইবে না।

### চ. অন্যান্য সংবাদ জানার জন্য যোগাযোগ করুন :

সোশ্যাল আমট, আউসল্যান্ডার আমট, বিভিন্ন সাহায্যকারী সংস্থা, বিশেষ এনজিও (NGO)সমূহে এবং ই ও ম এর সাথে (Sozial- und Ausländerämter, Wohlfahrtsverbände, Fachberatungsstellen, Zentralen Rückkehrberatungsstellen sowie bei IOM in Nürnberg)।

**IOM – Vertretung für Deutschland:**

Wallstraße 69 • D-10179 Berlin • Deutschland • Fax: +49.30.278 778 99

**IOM - Zweigstelle in Nürnberg:**

Postfach 40 01 59 • D-90206 Nürnberg • Frankenstraße 210 • D-90461 Nürnberg • Deutschland • Fax: +49.911.4300 260

**Telefonzentrale IOM Deutschland: +49.911.43000**

E-Mail: [IOM-Germany@iom.int](mailto:IOM-Germany@iom.int) • Internet: <http://www.iom.int/germany>